# বাংলাদেশ কমপিউটার কাউন্সিল আইন, ১৯৯০

( ১৯৯০ সনের ৯ নং আইন )

**বাংলাদেশ কমপিউটার কাউন্সিল স্থাপনকল্পে প্রণীত আইন।♠**

যেহেতু বাংলাদেশ কমপিউটার কাউন্সিল নামে একটি কাউন্সিল স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**শিরোনামা ও প্রবর্তন**

১। (১) এই আইন বাংলাদেশ কমপিউটার কাউন্সিল আইন, ১৯৯০ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ১৯৮৯ সনের ২৭শে ডিসেম্বর তারিখে বলবত্ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(ক) "কাউন্সিল" অর্থ আইনের অধীন স্থাপিত কাউন্সিল;

(খ) "কার্যনির্বাহী পরিচালক" অর্থ ধারা ৭ এর অধীন কার্যনির্বাহী পরিষদের চেয়ারম্যান;

(গ) "তথ্য প্রযুক্তি" বলিতে কমপিউটারের মাধ্যমে তথ্য প্রক্রিয়াকরণ এবং টেলি-ইলেকট্রনিক যোগাযোগের মাধ্যমে তথ্য স্থানান্তরকরণকে বুঝাইবে;

(ঘ) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(ঙ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি।

**কাউন্সিল স্থাপন**

৩। (১) এই আইন বলবত্ হইবার পর যত শীঘ্র সম্ভব, এই আইনের বিধান অনুযায়ী বাংলাদেশ কমপিউটার কাউন্সিল নামে একটি কাউন্সিল স্থাপিত হইবে।

(২) কাউন্সিল একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইন ও বিধি সাপেক্ষে ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করার, অধিকারে রাখার ও হস্তান্তর করার ক্ষমতা থাকিবে এবং ইহার পক্ষে ইহা মামলা দায়ের করিতে পারিবে, ইহার বিরুদ্ধে মামলা দায়ের করা যাইবে।

**কাউন্সিলের প্রধান কার্যালয়**

৪। কাউন্সিলের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং ইহা প্রয়োজনবোধে যে কোন স্থানে শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**কাউন্সিলের গঠন**

৫। (১) নিম্নলিখিত সদস্য-সমন্বয়ে কাউন্সিল গঠিত হইবে, যথা :-

(ক) চেয়ারম্যান;

(খ) ভাইস-চেয়ারম্যান;

(গ) কার্যনির্বাহী পরিচালক;

(ঘ) অন্যুন আট এবং অনধিক দশ জন অন্যান্য সদস্য।

(২) চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত হইবেন এবং তাঁহারা তাঁহাদের স্থলাভিষিক্ত হওয়ার জন্য নূতন ব্যক্তি মনোনীত না হওয়া পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।

(৩) কার্যনির্বাহী পরিচালক ব্যতীত কাউন্সিলের অন্যান্য সদস্য সরকার কর্তৃক সরকারী কর্মকর্তা এবং কমপিউটার প্রযুক্তি ও তারবার্তা যোগাযোগ, প্রতিরক্ষা, নিরাপত্তা, অর্থনীতি, শিক্ষা, প্রকৌশল, বাণিজ্য, আইন, শিল্প এবং ব্যাংকিং ক্ষেত্রে অভিজ্ঞ ব্যক্তিগণের মধ্য হইতে মনোনীত হইবেন এবং তাঁহারা তাঁহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বত্সর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বেই কোন কারণ না দর্শাইয়া উক্তরূপ যে কোন সদস্যকে যে কোন সময় তাঁহার পদ হইতে অপসারণ করিতে পারিবে।

(৪) কার্যনির্বাহী পরিচালক পদাধিকার বলে কাউন্সিলের সচিবও হইবেন।

(৫) সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

**কাউন্সিলের কার্যাবলী**

৬। কাউন্সিলের কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা :-

(ক) দেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কমপিউটার ও তথ্য প্রযুক্তি ব্যবহারে উত্সাহ দান করা;

(খ) জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে কমপিউটারের ব্যবহারিক কাঠামোর উন্নয়ন করা এবং কমপিউটার সংক্রান্ত শিক্ষা, প্রশিক্ষণ ও পেশাগত মান উন্নীত করা;

(গ) তথ্য প্রযুক্তির ক্ষেত্রে প্রতিযোগিতার মোকাবেলা করার জন্য বাংলাদেশী নাগরিকগণকে উপযোগী করিয়া গড়িয়া তোলা;

(ঘ) কমপিউটার সম্পর্কিত মানব-সম্পদ ও দক্ষতা বৃদ্ধি করিয়া উহা বিশ্ববাজারে রপ্তানী করার জন্য উত্সাহ দান করা;

(ঙ) কমপিউটার এবং তথ্য প্রযুক্তির ক্ষেত্রে জাতীয় কৌশল ও নীতি নির্ধারণ করা ও উহা বাস্তবায়ন করা;

(চ) কমপিউটার এবং তথ্য প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে সরকার এবং অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা করা এবং তত্সম্পর্কে তাহাদিগকে পরামর্শ দান করা;

(ছ) সরকার এবং বিভিন্ন সংস্থায় তথ্য প্রযুক্তির ব্যবহার উত্সাহিত করা;

(জ) তথ্য প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে নিরাপত্তামূলক ব্যবস্থা সংক্রান্ত পরামর্শ দান করা;

(ঝ) কমপিউটার ও তথ্য প্রযুক্তির জন্য প্রশিক্ষণ কেন্দ্র, পাঠাগার ও পরীক্ষাগার (ল্যাবরেটরী) নির্মাণ করা এবং উহাতে প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করা এবং ঐগুলি সংরক্ষণ করা;

(ঞ) তথ্য প্রযুক্তি সম্পর্কিত তথ্য সংগ্রহ করা, পর্যালোচনা করা এবং উহাদের প্রচারের ব্যবস্থা গ্রহণ করা;

(ট) কমপিউটার এবং তথ্য প্রযুক্তি সম্পর্কে প্রতিবেদন প্রণয়ন এবং প্রকল্প ও সাময়িকী প্রকাশ করা;

(ঠ) কমপিউটার, তথ্য প্রযুক্তি এবং তত্সংক্রান্ত অন্যান্য বিষয়ের উপর আলোচনা ও কর্মশালার আয়োজন করা এবং তত্সম্পর্কে প্রশিক্ষণ পরিচালনা করা;

(ড) তথ্য প্রযুক্তির ক্ষেত্রে গবেষণা, শিক্ষা ও প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুদান প্রদান করা;

(ঢ) তথ্য প্রযুক্তির ক্ষেত্রে জাতীয় লক্ষ্য অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট সকল সরকারী ও বেসরকারী এবং দেশীয় ও বিদেশী প্রতিষ্ঠানের সহিত যোগাযোগ স্থাপন করা ও সহযোগিতা করা;

(ণ)কাউন্সিলের কার্যাবলী সম্পাদনের প্রয়োজনে, সরকারের পূর্বানুমোদনক্রমে দেশী ও বিদেশী যে কোন প্রতিষ্ঠানের সহিত চুক্তি সম্পাদন করা;

(ত) কমপিউটার সংক্রান্ত কোন বিশেষ কর্তব্য পালনের জন্য সরকার কর্তৃক আদিষ্ট হইলে উহা পালন করা;

(থ) কমপিউটার ও তথ্য প্রযুক্তির মান ও স্পেসিফকেশনস নির্ধারণ করা;

(দ) উপরি-উক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা৷

**কার্যনির্বাহী পরিষদ**

৭। (১) কাউন্সিলের একটি কার্যনির্বাহী পরিষদ থাকিবে, যাহা একজন চেয়ারম্যান ও অন্যুন দুই জন সদস্য-সমন্বয়ে গঠিত হইবে।

(২) কার্যনির্বাহী পরিষদের চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাঁহাদের চাকুরীর মেয়াদ ও শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(৩) কার্যনির্বাহী পরিষদের চেয়ারম্যান কার্যনির্বাহী পরিচালক বলিয়া অভিহিত হইবেন এবং কাউন্সিলের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে কার্য করিবেন।

(৪) কার্যনির্বাহী পরিষদ কাউন্সিলকে উহার কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের জন্য পরামর্শ ও সহায়তা প্রদান করিবে, কাউন্সিলের যাবতীয় সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়ী থাকিবে এবং কাউন্সিল কর্তৃক অর্পিত সকল ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করিবে।

(৫) কার্যনির্বাহী পরিচালকের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে তিনি তাঁহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, ক্ষেত্রমত শূন্য পদে নিযুক্ত নূতন কার্যনির্বাহী পরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা কার্যনির্বাহী পরিচালক পুনরায় স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক মনোনীত কার্যনির্বাহী পরিষদের কোন সদস্য কার্যনির্বাহী পরিচালক রূপে কার্য করিবেন।

**সভা**

৮। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কাউন্সিল উহার নিজের এবং কার্যনির্বাহী পরিষদের সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কাউন্সিলের সভা, উহার চেয়ারম্যানের সম্মতিক্রমে, উহার সচিব কর্তৃক আহূত হইবে এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) কাউন্সিলের সভায় সভাপতিত্ব করিবেন উহার চেয়ারম্যান বা তাঁহার অনুপস্থিতিতে, উহার ভাইস-চেয়ারম্যান, এবং তাঁহাদের উভয়ের অনুপস্থিতিতে, সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাঁহাদের মধ্য হইতে মনোনীত কোন সদস্য।

(৪) কার্যনির্বাহী পরিষদের সকল সভা কার্যনির্বাহী পরিচালকের নির্দেশে আহুত এবং তত্কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৫) কার্যনির্বাহী পরিষদের সভায় সভাপতিত্ব করিবেন কার্যনির্বাহী পরিচালক এবং তাঁহার অনুপস্থিতিতে, তত্কর্তৃক নির্দেশিত উহার কোন সদস্য।

(৬) শুধুমাত্র কোন সদস্য পদে শূন্যতা বা কাউন্সিল গঠনে ত্রুটি থাকার কারণে কাউন্সিলের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তত্সম্পর্কে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।